

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর প্রকল্পসমূহের মে, ২০২৫ খ্রিঃ এর অগ্রগতি

ক্রমিক নং	প্রকল্পের নাম, প্রাক্কলিত মূল্য ও সম্ভাব্য COD	প্রকল্পের লোকেশন	নেট আউটপুট	বর্তমান অবস্থা
০১	<p>পটুয়াখালী ১৩২০ (৬৬০×২) মেঃওঃ কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প।</p> <p>প্রাক্কলিত মূল্য: প্রকল্পের প্রাক্কলিত মূল্য USD ১,৫৭৩,৬৪০,৯৯২.০০ + BDT ২,২০৬,৩৭৩,১৩৩.০০</p> <p>সম্ভাব্য COD: ১ম ইউনিট মে, ২০২৫ খ্রিঃ এবং ২য় ইউনিট জুন, ২০২৫ খ্রিঃ</p>	<p>মোজাঃ নিশানবাড়ীয়া, ধানখালী ও লোন্দা ইউনিয়নঃ ধানখালী উপজেলাঃ কলাপাড়া জেলাঃ পটুয়াখালী।</p>	<p>নেট আউটপুট- ৬২২× ২ =১২৪৪ মেঃওঃ</p>	<ul style="list-style-type: none"> গত ০২.০১.২০২৫ খ্রিঃ তারিখে ১ম ইউনিট ও গত ১৭.০২.২০২৫ খ্রিঃ তারিখে ২য় ইউনিট জাতীয় গ্রিড হতে ৪০০ কেভি লেভেলে Startup Power প্রাপ্তির পর Testing Commissioning এর কাজ শুরু হয়। গত ১৯.০১.২০২৫ খ্রিঃ ০০:১০ ঘটিকা থেকে ১ম ইউনিট জাতীয় গ্রিডে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ শুরু করেছে এবং ইতিমধ্যে ইউনিটটির যাবতীয় Testing Commissioning এর কাজ সম্পন্ন হয়েছে। গত ২৬.০৪.২০২৫ তারিখ হতে ১ম ইউনিট Reliability Run Test (RRT) এবং Dependable Capacity Test (DCT) এর জন্য সম্পূর্ণভাবে প্রস্তুত রয়েছে। ২য় ইউনিট (৬৬০ মেঃওঃ) এর Boiler, Turbine, Generator, Main Power House, PA, FD ও ID Fan, FGD, ESP সহ সকল Steel Super Structure ও Equipment installation এর কাজ সম্পন্ন হয়েছে। Testing Commissioning এর কাজ চলমান রয়েছে এবং ০৯.০৪.২০২৫ তারিখ হতে ২য় ইউনিট জাতীয় গ্রিডে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ শুরু করেছে, Reliability Run Test (RRT) এবং Dependable Capacity Test (DCT) এর জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত নেট ৫৩৯,০২৪,৬৭৩.৪ কিলোওয়াট-ঘণ্টা বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হয়েছে। প্রকল্প এলাকার নিরাপত্তার জন্য ইপিসি ঠিকাদার কর্তৃক ২০০ জন নিরাপত্তা প্রহরী, আরএনপিএল কর্তৃক ৬০ জন আনসার সদস্য এবং ২২ জন বেসরকারি নিরাপত্তা প্রহরী নিয়োজিত আছেন। এছাড়াও ১২ জন সেনাবাহিনী সদস্য, ৩৫ জন পুলিশ সদস্য প্রকল্প এলাকায় সার্বক্ষণিক অবস্থান পূর্বক প্রকল্প এর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করণে কাজ করে যাচ্ছেন। বর্তমানে প্রকল্প সাইট এ বিদেশি ২৯১ জন এবং বাংলাদেশী ১২৭১ জন সহ সর্বমোট ১৫৬২ জন কর্মরত রয়েছে। কয়লা জেটির Structure এবং Access Bridge, cause Way এবং Coal Conveyor belt নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ২টি Ship Unloader স্থাপন ও Commissioning সম্পন্ন শেষে বর্তমানে জাহাজ হতে কয়লা unloading করা হচ্ছে। Testing Commissioning এর জন্য এখন পর্যন্ত ১১ টি শিপমেন্টে ৫,৫৩,৬২০ মেঃ টন কয়লা আমদানি করা হয়েছে এবং চাহিদা মোতাবেক কয়লা আমদানি চলমান রয়েছে। দীর্ঘ মেয়াদী (৫ বছর) কয়লা ক্রয়ের লক্ষ্যে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হলে গত ২০.০৩.২০২৫ তারিখে মোট চারটি (০৪) দরপত্র দাখিল হয়েছে। মূল্যায়ন কাজ চলমান রয়েছে। <p>প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৫.০০ % এবং আর্থিক অগ্রগতি ৮১.৯৫ %।</p> <ul style="list-style-type: none"> প্রকল্পটির ১ম ইউনিট (৬৬০ মেঃওঃ) মার্চ, ২০২৫ খ্রিঃ এবং ২য় ইউনিট (৬৬০ মেঃওঃ) অর্থাৎ সম্পূর্ণ ১৩২০ মেঃওঃ জুন, ২০২৫ খ্রিঃ এ বাণিজ্যিক ভিত্তিতে চালুর লক্ষ্যমাত্রা ছিল। কারিগরি কারণে ১ম ইউনিট বাণিজ্যিক উৎপাদনের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা মে, ২০২৫। প্রকল্পটির ১ম ইউনিট (৬৬০ মেঃওঃ) বাণিজ্যিক ভিত্তিতে চালুর জন্য ২৬.০৪.২০২৫ থেকে ০২.০৫.২০২৫ পর্যন্ত Reliability Run Test (RRT) এবং Dependable Capacity Test (DCT), Witness এর জন্য বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) কে গত ২৪.০৪.২০২৫ তারিখে চিঠি দেওয়া হলেও এখন পর্যন্ত এ বিষয়ে কোনো মতামত পাওয়া যায়নি। <p>সহযোগী প্রকল্পঃ ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন প্রকল্প এর মে, ২০২৫ পর্যন্ত সময়ের অগ্রগতি নিম্নরূপঃ</p> <ul style="list-style-type: none"> প্রকল্পটি জুলাই, ২০২২ খ্রিঃ এ সমাপ্ত হয়েছে।

ক্রমিক নং	প্রকল্পের নাম, প্রাক্কলিত মূল্য ও সম্ভাব্য COD	প্রকল্পের লোকেশন	নেট আউটপুট	বর্তমান অবস্থা
০২	<p>ময়মনসিংহ ৩৬০ ($\pm 10\%$) মেঃওঃ ডুয়েল ফুয়েল (গ্যাস/এইচএসডি) কন্সাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প।</p> <p>প্রাক্কলিত মূল্য: ২১৭৫.৬১ কোটি টাকা</p> <p>সম্ভাব্য COD: জুন, ২০২৬</p>	লালকুঠি দরবার শরীফ, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ-২২০০	<p>নেট আউটপুট-</p> <p>গ্যাস: ৪২০ মেঃওঃ</p> <p>এইএসডি: ৩৭৫ মেঃওঃ</p>	<ul style="list-style-type: none"> গ্যাস টারবাইন এর নয়জ এনক্রোজার এর কাজ হয়েছে। গ্যাস টারবাইন ও জেনারেটর ফাইনাল এলাইনমেন্ট এর কাজ চলমান। গ্যাস টারবাইন এর কার্বন ডাই অক্সাইড গ্যাস ফায়ার প্রটেকশন সিস্টেম ইন্সটলেশনের কাজ সম্পন্ন হয়েছে। গ্যাস টারবাইন হলে নিউট্রাল গ্রাউন্ডিং রেজিস্টর কেবিনেট ও এসএফসি ও এসইই ইউনিট ইন্সটলেশন করা হয়েছে। গ্যাস টারবাইনের বেস মডিউল এর পাইপ লাইন ইন্সটলেশন সম্পন্ন হয়েছে। গ্যাস টারবাইন এর লিফটিং/ জেকিং ওয়েল পাইপ ফ্লাশিং এর কাজ চলমান। স্টীম টারবাইন হলের স্টীল স্ট্রাকচার এর কাজ চলমান থাকবে। কন্ডেন্সেট পাম্প ইন্সটলেশনের কাজ চলমান থাকবে। এইচআরএসজি এর লো, মিডিয়াম এবং হাই প্রেসার পাইপলাইন এবং ডেইন পাইপ ইন্সটলেশনের কাজ চলমান থাকবে। এইচ এস ডি ট্যাংক এ ও বি এর প্রেসার টেস্ট/ হাইড্রো টেস্ট সম্পন্ন হয়েছে। ডিমিনারেলাইজড ওয়াটার (উভয়) ট্যাংক এর ফেরিকেশন এর কাজ শেষ হয়েছে। ডিমিনারেলাইজড ওয়াটার (উভয়) ট্যাংক এর অক্সিজেনারিস ও নজেল ফেরিকেশনের কাজ চলমান থাকবে। আল্ট্রা ফিল্ট্রেশন (উভয়) ট্যাংক এর শেল প্লেট ফেরিকেশনের কাজ চলমান থাকবে। সুইচইয়ার্ড কন্ট্রোল বিল্ডিং, পাওয়ার আইল্যান্ড সুইচগিয়ার বিল্ডিং, সি সি আর বিল্ডিং এবং ক্যামিকেল বিল্ডিং এর সুপারস্ট্রাকচার ও আর্কিটেকচার এর কাজ চলমান থাকবে। বিভিন্ন এরিয়াতে পাইপ রেক এর ফাউন্ডেশন এর কাজ চলমান থাকবে। এ আই এস সাবস্টেশনের আনুষঙ্গিক সরঞ্জামাদির ফাউন্ডেশন, কেবল টার্মিনেশন পিট এবং কেবল ট্রঞ্চার কাজ চলমান থাকবে। ডেইনেজ ও রেইন ওয়াটার পাইপ লাইন কন্সট্রাকশনের কাজ চলমান থাকবে। প্রকল্পের মূল ভারি যন্ত্রপাতি ও অক্সিলারি ইকুপমেন্ট সমূহ প্রকল্প সাইটে নদী ও সড়ক পথে এসে পৌঁছেছে। অদ্যাবধি ৪২ টি Shipment সম্পন্ন হয়েছে, ১ টি শিপমেন্ট এর কার্যক্রম চলমান রয়েছে। আর্থিক অগ্রগতিঃ ৬৪.৫২% এবং ভৌত অগ্রগতিঃ ৮০.৯ % (ইপিসি কাজের) (মে, ২০২৫ পর্যন্ত)।
০৩	<p>ময়মনসিংহ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য ধনুয়া হতে ময়মনসিংহ পর্যন্ত গ্যাস পাইপলাইন নির্মাণ প্রকল্প</p> <p>প্রাক্কলিত মূল্য: ৫৫৩.১৬৪৮ কোটি টাকা</p> <p>প্রকল্প সমাপ্তির তারিখ: জুন, ২০২৬</p>	<p>উপজেলাঃ শ্রীপুর জেলাঃ গাজীপুর।</p> <p>উপজেলাঃ ময়মনসিংহ সদর, ত্রিশাল, ভালুকা জেলাঃ ময়মনসিংহ।</p>	-	<ul style="list-style-type: none"> গাজীপুর অংশের ৭ ধারা নোটিশ জারি করা হয়েছে। গণপূর্ত বিভাগ, বন বিভাগ ও সাব রেজিস্ট্রি অফিস হতে অবকাঠামো, গাছপালা ও জমির মূল্য সংগ্রহ করা হয়েছে। খসড়া ইন্সটিমেন্ট প্রস্তুতির কাজ চলমান রয়েছে। ময়মনসিংহ ডিসি অফিস কর্তৃক ভালুকা উপজেলার অধিগ্রহণতব্য ভূমির চূড়ান্ত প্রাক্কলন প্রদান করা হয়েছে। ভূমি অধিগ্রহণ খাতে বরাদ্দকৃত অর্থ ছাড় সম্পন্ন হয়েছে। বর্তমানে রোয়েদাদ প্রস্তুতির কাজ চলমান রয়েছে। ময়মনসিংহ ডিসি অফিস কর্তৃক ত্রিশাল উপজেলার অধিগ্রহণতব্য ভূমির চূড়ান্ত প্রাক্কলন প্রদান করা হয়েছে। ভূমি অধিগ্রহণ খাতে বরাদ্দকৃত অর্থ ছাড় সম্পন্ন হয়েছে। ময়মনসিংহ সদর অংশের নথি চূড়ান্ত অনুমোদনের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে এছাড়া গণপূর্ত বিভাগ, বন বিভাগ ও সাব রেজিস্ট্রি অফিস হতে অবকাঠামো, গাছপালা ও জমির মূল্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নের মেয়াদ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৫ এর পরিবর্তে জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত অর্থাৎ ১ (এক) বছর মেয়াদ বর্ধিতকরণের প্রস্তাব বিদ্যুৎ বিভাগে জমা প্রদান করা হয়েছে। যাহা অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। ২০ ইঞ্চি ব্যাসের ৫৮ কিমি পাইপলাইন নির্মাণ কাজ ৩টি সেকশনে সম্পাদনের জন্য ঠিকাদার নিয়োগের লক্ষ্যে জিটিসিএল কর্তৃক স্থানীয় উন্মুক্ত দরপত্র আহবান করা হয়। উল্লেখ্য, দরপত্রদাতাগণ কর্তৃক ০৩টি সেকশনের জন্য সর্বনিম্ন মোট উদ্ধৃত দর দাপ্তরিক

ক্রমিক নং	প্রকল্পের নাম, প্রাক্কলিত মূল্য ও সম্ভাব্য COD	প্রকল্পের লোকেশন	নেট আউটপুট	বর্তমান অবস্থা
				<p>প্রাক্কলিত ব্যয় হতে ৮০.৭১% বেশি। দরপত্র ও পিপিআর-২০০৮ এর শর্ত অনুযায়ী দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত দর দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় হতে ১০% এর চেয়ে বেশি হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক জিটিসিএল পরিচালকমন্ডলী পুণঃদরপত্র আহবানের সিদ্ধান্ত প্রদান করেন। সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম চলমান।</p> <ul style="list-style-type: none"> আর্থিক অগ্রগতিঃ ৫০.৭৮% এবং ভৌত অগ্রগতিঃ ২৬.৮০ % (মে, ২০২৫ পর্যন্ত)।
০৪	<p>জামালপুর জেলার মাদারগঞ্জে ১০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ</p> <p>অর্থায়নঃ LoC-III, আরপিসিএল ও জিওবি প্রাক্কলিত মূল্য: ১৫১১৭৯.৩৬ লক্ষ টাকা</p> <p>১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য: ১৫১০১৬.৩৭ লক্ষ টাকা</p> <p>সম্ভাব্য COD: জুন, ২০২৬</p>	মৌজা- কাইজার চর ইউনিয়ন- জোড়খালী উপজেলা- মাদারগঞ্জ জেলা- জামালপুর।	নেট আউটপুট- ১১০ মেঃওঃ	<ul style="list-style-type: none"> জামালপুর জেলার মাদারগঞ্জে ১০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ এর জন্য গত ৩০.০৫.২০২১ খ্রিঃ তারিখে প্রকল্পের ৩২৫.৬৫৩৬ একর ভূমির লীজ দলিল এবং রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সৌর বিদ্যুৎ প্রকল্পের ইপিসি ঠিকাদার Amara Raja - Premier Solar JV কর্তৃক প্রকল্পের ভূমি উন্নয়নের কাজ ৮০% সম্পন্ন হয়েছে। ড্রয়িং-ডিজাইন, বীধ নির্মাণ ও ভূমি উন্নয়নের অবশিষ্ট কাজ চলমান। জুন, ২০২৪ এ ঠিকাদার কর্তৃক ১ম ধাপের ৫০ মেঃওঃ সোলার প্যানেল সরবরাহ করা হয়েছে। ২য় ধাপে ৫০ মেঃওঃ সোলার প্যানেলের শীপমেন্ট প্রক্রিয়াধীন। সোলার প্যানেলের মডিউল মাউন্টিং স্ট্রাকচার চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে। এছাড়া বাকী মালমাল ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের ১৩২ কেভি ট্রান্সমিশন লাইন নির্মাণ কাজের ইপিসি ঠিকাদার JVCA of XEEC-WPS কর্তৃক ১৫৫টি টাওয়ারের মধ্যে ১৩৪ টি টাওয়ার পাইলিং এর কাজ শেষ হয়েছে এবং ৬৩ টি টাওয়ারের পাইল ক্যাপ কাস্টিং এবং ১৮ টি টাওয়ারের ইরেকশনের কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের পুনর্বাসন কাজের ঠিকাদার Khokan Construction & Engineering Ltd. কর্তৃক পুনর্বাসনের ৮৮ টি বাড়ি নির্মাণ কাজ সম্পন্ন করত: তা ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট অবকাঠামো (মসজিদ, মার্কেট হেলথ কেয়ার সেন্টার) এর নির্মাণ কাজ চলমান রয়েছে। প্রকল্পের পুনর্বাসনের আওতায় অতিরিক্ত ৩২ টি বাড়ি নির্মাণ কাজের ঠিকাদার মেসার্স এম.আর. কন্সট্রাকশন কর্তৃক বাড়ি ও ড্রেইনেজ নির্মাণ কাজ চলমান রয়েছে। মে, ২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিতভূত আর্থিক অগ্রগতি ৩৪.৯৯ % এবং ক্রমপুঞ্জিতভূত ভৌত অগ্রগতি ৫৬.১০%।
০৫	<p>গজারিয়া ৬০০ মেঃওঃ কন্সাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (ফেজ -১)</p> <p>পিডিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য: ৫,১৮,৬৩২.৯৪ লক্ষ টাকা</p> <p>সম্ভাব্য COD: ডিসেম্বর, ২০৩৪</p>	মৌজাঃ যোলআনী ও দৌলতপুর ইউনিয়নঃ ইমামপুর উপজেলাঃ গজারিয়া জেলাঃ মুন্সিগঞ্জ।	৬০০ মেঃওঃ	<ul style="list-style-type: none"> গজারিয়া ৬০০ মেঃওঃ কন্সাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মানের লক্ষ্যে আরপিসিএল কর্তৃক অধিগ্রহণকৃত ও উন্নয়নকৃত ২৫৪.০১ একর ভূমির মধ্যে ৪৫ একর জমি নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের Feasibility Study, IEE Study ও Route Survey জাপানের Ministry Economy Trade and Industry কর্তৃক ২০১৯ সালে সম্পন্ন হয়েছে। বিদ্যুৎ বিভাগ কর্তৃক পিডিপি প্রক্রিয়াকরণের নিমিত্ত পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ০৬ আগস্ট ২০১৮ খ্রিঃ তারিখে পেট্রোবাংলা কর্তৃক শর্ত সাপেক্ষে বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের সম্মতি প্রদান করা হয়েছে। গত ৩০ জুন ২০২১ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের নীতিগত অনুমোদন পাওয়া গেছে। গত ২৮ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখে পিজিবি পিএলসি ২৩০ কেভি সাবস্টেশনের মাধ্যমে পাওয়ার ইভাকুয়েশনের সম্মতি প্রদান করেছে।
০৬	<p>১০ মেঃওঃআঃ ব্যাটারী স্টোরেজসহ গজারিয়া ৬৫ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র</p>	মৌজাঃ যোলআনী ও দৌলতপুর	৬৫ মেঃওঃ	<ul style="list-style-type: none"> ১০ মেঃওঃআঃ ব্যাটারী স্টোরেজসহ গজারিয়া ৬৫ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্রনির্মানের লক্ষ্যে আরপিসিএল কর্তৃক অধিগ্রহণকৃত ও উন্নয়নকৃত ২৫৪.০১ একর ভূমির মধ্যে ১৯০ একর জমি নির্ধারণ করা হয়েছে। গত ৩০ জুন ২০২১ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের নির্দেশনা পাওয়া গেছে।

ক্রমিক নং	প্রকল্পের নাম, প্রাক্কলিত মূল্য ও সম্ভাব্য COD	প্রকল্পের লোকেশন	নেট আউটপুট	বর্তমান অবস্থা
	<p>পুনর্গঠিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য: ৭৫,৫৯৮.৩৬ লক্ষ টাকা</p> <p>সম্ভাব্য COD: জুন-২০২৮</p>	ইউনিয়নঃ ইমামপুর উপজেলাঃ গজারিয়া জেলাঃ মুন্সিগঞ্জ।		<ul style="list-style-type: none"> গত ২৮ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখে পিজিবি পিএলসি হতে ১৩২ কেভিতে পাওয়ার ইভাকুয়েশনের সম্মতি গ্রহণ করা হয়েছে। গত ২৪ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ তারিখে প্রকল্পের পিডিপিপি মাননীয় উপদেষ্টা, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। অর্থায়নের জন্য ইআরডি-তে প্রক্রিয়াধীন। প্রকল্পের বৈদেশিক অর্থায়নের নিমিত্ত KfW আগ্রহ প্রকাশ করে Letter of Invitation (LoI) প্রদান করেছে। পরামর্শক প্রতিষ্ঠান দ্বারা প্রকল্পের Detailed Feasibility Study, IEE, ESIA and Route Survey, LAP & RAP Study for 132 kV Transmission Line স্টাডিসমূহের কাজ সম্পন্ন হয়েছে। গত ৩০ এপ্রিল ২০২৫ খ্রিঃ তারিখে ডিপিপি অনুমোদনের নিমিত্ত বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে। KfW এর মতামতের ভিত্তিতে প্রস্তাবিত ডিপিপি গত ০৩ জুন ২০২৫ খ্রিঃ তারিখে পুনর্গঠন করে পুনরায় বিদ্যুৎ বিভাগে অনুমোদনের নিমিত্ত প্রেরণ করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরের অননুমোদিত প্রকল্প তালিকায় (সবুজ পাতা) প্রকল্পটি অন্তর্ভুক্ত রয়েছে।
০৭	<p>১৫ মেঃওঃআঃ ব্যাটারী স্টোরেজসহ পটুয়াখালী ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র</p> <p>পিডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য: ১,৪৩,৯৩৬.০০ লক্ষ টাকা</p> <p>সম্ভাব্য COD: ডিসেম্বর, ২০২৮</p>	মৌজাঃ নিশানবাড়ীয়া, ধানখালী ও লোন্দা ইউনিয়নঃ ধানখালী উপজেলাঃ কলাপাড়া জেলাঃ পটুয়াখালী।	১০০ মেঃওঃ	<ul style="list-style-type: none"> ১৫ মেঃওঃআঃ ব্যাটারী স্টোরেজসহ পটুয়াখালী ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য ৩০০ একর ভূমি অধিগ্রহণ ও ভূমি সুরক্ষা বীধ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। World Bank কর্তৃক প্রকল্পের Pre-Feasibility Study সম্পন্ন করা হয়েছে। গত ২৬ মে, ২০২৪ খ্রিঃ তারিখে প্রকল্পের পিডিপিপি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। অর্থায়নের জন্য ইআরডি-তে প্রক্রিয়াধীন। প্রকল্পের বৈদেশিক অর্থায়নের নিমিত্ত NDB আগ্রহ প্রকাশ করে Letter of Invitation (LoI) প্রদান করেছে। গত ০৬ জুন, ২০২৪ খ্রিঃ তারিখে পিজিবি পিএলসি হতে পাওয়ার ইভাকুয়েশনের সম্মতি গ্রহণ করা হয়েছে। Detailed Feasibility Study (DFS), Initial Environmental Examination (IEE), Environmental and Social Impact (ESIA) Study, Transmission line এর Route Survey (RS), Land Acquisition Plan (LAP), Resettlement Action Plan (RAP) সম্পন্ন করার জন্য Consulting Firm নিয়োগ করা হয়েছে এবং কাজ চলমান। প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান। ২০২৫-২০২৬ অর্থবছরের অননুমোদিত প্রকল্প তালিকায় (সবুজ পাতা) প্রকল্পটি অন্তর্ভুক্ত রয়েছে।
০৮	<p>পটুয়াখালী ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র</p> <p>পিডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য: ৮২,৮৭৫.০০ লক্ষ টাকা</p> <p>সম্ভাব্য COD: ডিসেম্বর, ২০৩০</p>	মৌজাঃ নিশানবাড়ীয়া, ধানখালী ও লোন্দা ইউনিয়নঃ ধানখালী উপজেলাঃ কলাপাড়া জেলাঃ পটুয়াখালী।	৫০ মেঃওঃ	<ul style="list-style-type: none"> পটুয়াখালীতে অধিগ্রহণকৃত ৯২১.৭৪ একর ভূমির আংশিক প্রকল্পটির জন্য ব্যবহৃত হবে। প্রকল্পের Pre-Feasibility Study সম্পন্ন হয়েছে। বিদ্যুৎ বিভাগ কর্তৃক পিডিপিপি প্রক্রিয়াকরণের নিমিত্ত পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ০৬ জুন, ২০২৪ খ্রিঃ তারিখে পিজিবি পিএলসি হতে পাওয়ার ইভাকুয়েশনের সম্মতি গ্রহণ করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরের অননুমোদিত প্রকল্প তালিকায় (সবুজ পাতা) প্রকল্পটি অন্তর্ভুক্ত রয়েছে। গত ০৩.০২.২০২৫ খ্রিঃ তারিখে Impact Study সংগ্রহের জন্য বিদ্যুৎ বিভাগের মাধ্যমে পিডিবিতে পত্র প্রেরণ করা হয়েছে। বিপিডিবি হতে Wind energy এর Grid Impact Study সংগ্রহ করা হয়েছে এবং পিডিপিপি প্রক্রিয়াকরণের নিমিত্ত পরিকল্পনা কমিশন কর্তৃক চাহিত তথ্যাদি বিদ্যুৎ বিভাগের মাধ্যমে প্রেরণ করা হবে।

